

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫১৯

আগরতলা, ২৫ জুন, ২০২৪

ভোক্তা সচেতনতামূলক আলোচনাচক্র

ভোক্তাদের নিজ নিজ দায়িত্ব ও অধিকার সম্পর্কে সচেতন হতে হবে : খাদ্যমন্ত্রী



ভোক্তাদের নিজ নিজ দায়িত্ব, অধিকার ও কর্তব্য সম্পর্কে সচেতন হতে হবে। যে সমাজে ভোক্তারা যত বেশী সচেতন সেই সমাজ ও রাজ্য তত দ্রুত এগিয়ে যায়। অসাধু ব্যবসায়ীদের কার্যকলাপ প্রতিরোধে সরকারের পাশাপাশি ভোক্তাদেরও এগিয়ে আসতে হবে। আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনের ২নং হলে ভোক্তা সচেতনতামূলক আলোচনাচক্র ও ওপেন কুইজ প্রতিযোগিতার উদ্বোধন করে খাদ্যমন্ত্রী সূশান্ত চৌধুরী একথা বলেন। সদর মহকুমা প্রশাসন এই আলোচনাচক্র ও কুইজ প্রতিযোগিতার আয়োজন করে। আলোচনাচক্র ও কুইজ প্রতিযোগিতার উদ্বোধন করে খাদ্যমন্ত্রী সূশান্ত চৌধুরী আরও বলেন, দেশের সবচেয়ে বড় সম্পদ হলো মানব সম্পদ। যে দেশের মানব সম্পদ যত বেশী সচেতন সে দেশ তত বেশী উন্নত। সে দেশের ভোক্তাদের অসাধু ব্যবসায়ীরা ঠকাতে পারেন না, প্রতারণিত করতে পারেন না। ভোক্তাদের স্বার্থে রাজ্যে ইতিমধ্যেই ভোক্তা বিরোধ নিষ্পত্তি কমিশন গঠন করা হয়েছে। এছাড়াও পশ্চিম, দক্ষিণ, ধলাই ও উত্তর জেলায় ৪টি ভোক্তা আদালত রয়েছে। রাজ্যের অন্য ৪টি জেলাতেও সরকার ভোক্তা আদালত গঠনের উদ্যোগ নিয়েছে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি তথা ত্রিপুরা রাজ্য ভোক্তা কমিশনের চেয়ারম্যান অরিন্দম লোধ এধরণের আলোচনাচক্র প্রতিটি বিদ্যালয়ে আয়োজন করার আহ্বান জানান। এছাড়াও বক্তব্য রাখেন ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্কের চেয়ারম্যান সত্যেন্দ্র সিং। স্বাগত বক্তব্য রাখেন খাদ্য, জনসংভরণ ও ক্রেতা স্বার্থ বিষয়ক দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা অনিমেষ দেববর্মা। তিনি ন্যাশনাল কনজিউমার হেল্প লাইন ১৯১৫-এর সুবিধা ভোক্তাদের গ্রহণ করার অনুরোধ জানান। আলোচনাচক্রে উপস্থিত ছিলেন সদর মহকুমার মহকুমা শাসক মানিকলাল দাস, বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী, রেশন ডিলার ও ভোক্তাগণ। অনুষ্ঠানে ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্কের পক্ষ থেকে ১০০টি নায্যমূল্যের দোকানকে ভোক্তাদের জন্য ১০০টি জলের ফিল্টার দেওয়া হয়। ওপেন কুইজ প্রতিযোগিতায় বিভিন্ন মহাবিদ্যালয় ও বিদ্যালয়ের ছাত্রছাত্রী, রেশন ডিলার এবং ভোক্তাগণ অংশ নেন। অতিথিগণ বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আগরতলা পুরনিগমের মেয়র বিধায়ক দীপক মজুমদার।
